"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"
৭৪৭০৮


# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576


বামাশিবো/সংস্থাপন/গাইবান্ধা-১০৪/ ৬৭৪৬ তারিখঃ ০৬/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসার সহ-সুপার মোঃ আব্দুল জলিল সরকার জাতীয় নির্বাচন ২০১৪ এর ব্যালট পেপার ছিনতাই মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে গমন ও সাময়িক বরখাস্ত থাকায় বোর্ড কর্তৃপক্ষ তাঁর কোন আবেদন আমলে না নিয়ে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক আইনগত ব্যবস্থাগ্রহণের জন্য সুপার জনাব মোঃ মনোয়ারুল ইসলাম একখানা আবেদনপত্র অত্র বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (--২--) পাতা।

6/4/17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিষ্টার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

৭৬৮৭

প্রাপকঃ
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।

বামাশিবো/সংস্থাপন/গাইবান্ধা-১০৪/ তারিখঃ /০৪/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য
১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।
৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসা, পোঃ তালুককানুপুর, উপজেলাঃ গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।
৫। সুপার, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসা, পোঃ তালুককানুপুর, উপজেলাঃ গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।
৬। সহ-সুপার, বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসা, পোঃ তালুককানুপুর, উপজেলাঃ গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।
৭। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিষ্টার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

E:\Md.Mamun-Ar-Rashid\Committee\2017\Gaibandha\Gaibandha-104.Doc

# বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসা

ডাকঘরঃ তালুককানুপুর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং বাদাউদ্বিমুদামা/গোবি/গাইবা/২০১৭/৮(১) তারিখ: ২৭-০৬-২০১৭

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

**বিষয় ঃ অত্র মাদরাসার সহ-সুপার জনাব মোঃ আবদুল জলিল সরকার জাতীয় নির্বাচন ২০১৪ এর ব্যালট পেপার ছিনতাই মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে গমন ও সাময়িক বরখাস্ত থাকায় বোর্ড কর্তৃক তার কোন আবেদন আমলে না নিয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহনের আবেদন।**

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বিনীতভাবে জানাচ্ছি যে, আমি নিম্নস্বাক্ষরকারী অত্র মাদরাসার সুপার পদে কর্মরত আছি। অত্র মাদরাসার বিগত নিয়মিত কমিটির মেয়াদ উত্তীর্নের প্রাক্কালে আমি নতুন ভাবে এডহক কমিটি গঠনের কাজে ঢাকা আগমন করি। আমি ঢাকায় অবস্থানকালে মেয়াদ উত্তীর্ণ নিয়মিত কমিটির সভাপতি ও সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার পরস্পর যোগসাজসে ব্যাকডেট দিয়ে ভুয়া রেজুলেশন বই তৈরি করে আমাকে সাময়িকভাবে বরখাস্ত দেখিয়ে সহ-সুপার জনাব মোঃ আবদুল জলিল (ব্যালট ছিনতাই মামলায় সাময়িকভাবে বরখাস্ত ) কে ভারপ্রাপ্ত সুপার হিসেবে নিয়োগ দেখান। অত:পর জনাব মোঃ আবদুল জলিল ভারপ্রাপ্ত সুপার হিসেবে স্বাক্ষর করে জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা এর স্বাক্ষরে শিক্ষকদের ফেব্রুয়ারী ২০১৭ মাসের বেতন বিল প্রদান করেন।

কিন্তু এ বিষয়ে মহোদয়কে সবিনয়ে অবহিত করছি যে, শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ বিদ্যমান প্রজ্ঞাপন অনুযায়ী কোন মাদরাসায় পরিচালনা কমিটি না থাকলে বা মামলা বা অন্য কারণে কমিটির কার্যক্রম না থাকলে সে ক্ষেত্রে উপজেলা পর্যায়ে সুপার এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরে শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন করার বিধান বলবৎ আছে।

এমতাবস্থায় সুপার স্ব-পদে বহলা থাকা সত্বেও মেয়াদ উত্তীর্ণ নিয়মিত কমিটির সভাপতি কিভাবে ব্যালট পেপার ছিনতাই মামলার আসামী (সাময়িক বরখাস্তকৃত) সহ-সুপারকে ভারপ্রাপ্ত সুপার এর দায়িত্ব প্রদান করলেন এবং জেলা শিক্ষা অফিসার কোন আইন/বিধির আলোকে সরকারি বিধি বিধান উপেক্ষা করে অত্র মাদরাসার বিল স্বাক্ষর করলেন এ বিষয়টি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় সমীপে আকুল আবেদন জানাচ্ছি।

নিবেদক

(স্বাক্ষর) ২৭/৬/২০১৭
মোঃ মনোয়ারুল ইসলাম
সুপার
বাহাদুরপুর দারুল উলুম দ্বি-মুখী দাখিল মাদরাসা
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা।
01718500434

গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।

বিষয় ঃ এজাহার।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি এ,এস,আই/মোঃ আব্দুল করিম, গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা সঙ্গীয় এপিবিএন কং/১৮৫৬ মোঃ মনির হোসেন, ব্যাটালিয়ন আনসার/৩৩২২৫ মোঃ এলাহী মিয়া, ব্যাটালিয়ন আনসার-১৯১৩৯৬১ মোঃ ফরিদুল ইসলাম সহ ১০ম জাতীয় সংসদ নির্বাচন/২০১৪ সিসি নং-১৩৪/১৪, তারিখ-০৪/০১/১৪ইং মূলে পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ আশিকুর রহমান, পিবিআই, ঢাকা সাহেবের নেতৃত্বে ইং ০৫/০১/২০১৪ তারিখ ১০ম জাতীয় সংসদ নির্বাচন/২০১৪ সংক্রান্তে নির্বাচন চলাকালীন তালুককানুপুর, নাকাই, হরিরামপুর ইউপি এলাকায় মোবাইল-৪ ডিউটিতে নিয়োজিত ছিলাম। আমি এই মর্মে এজাহার দায়ের করিতেছি যে, আমি এই মর্মে এজাহার দায়ের করিতেছি যে, ইং ০৫/০১/১৪ তারিখ ১০ম জাতীয় সংসদ নির্বাচন/১৪ সংক্রান্ত অত্র থানার সিসি নং-৪২/১৪ তারিখ-০৪/০১/১৪ইং মূলে এ,এস,আই (সঃ)/৫৩ হাবিবুর রহমান, পিসি/মোঃ মজিদ মিয়া, এপিসি/মোঃ রুবেল মিয়া, আনসার/মোঃ জহুরুল ইসলাম, আনসার/মোঃ কামরুজ্জামান, আনসার/আহমদ, আনসার/মোঃ শাহিন, আনসার/মোঃ আলাউল, নারী আনসার/মোছাঃ নুরুন্নাহার, নারী আনসার/মোছাঃ ফুলবানু, নারী আনসার/মোছাঃ রুবি বেগম, নারী আনসার/মোছাঃ বিউটি বেগমসহ অত্র থানাধীন ফুলবাড়ী ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয়, বাহাদুপুর ভোট কেন্দ্রে ১০ম জাতীয় সংসদ নির্বাচন ডিউটিতে নিয়োজিত ছিলেন। উক্ত কেন্দ্রের প্রিজাইডিং অফিসার জনাব এটিএম আব্দুল জলিল, অফিসার রাকাব, কোমরপুর শাখা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর নেতৃত্বে সহকারী প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার সহ উপরোক্ত ফোর্স গণ উপজেলা নির্বাচন অফিস হইতে নির্বাচনী সামগ্রী গ্রহণ করিয়া বিকাল হইতে উক্ত কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষার্থে অবস্থান করিতেছিল। ইং ০৪/০১/২০১৪ তারিখ রাত ২০.৩০ ঘটিকার সময় বিএনপি-জামায়াত সহ ১৮ দলীয় জোটের নেতা, কর্মী ও তাহাদের অঙ্গ সংগঠনের কর্মী/সমর্থকদের প্রত্যক্ষ ও পরোক্ষ মদদে পরিকল্পনা মোতাবেক একই উদ্দেশ্যে ১০ম জাতীয় সংসদ নির্বাচন/১৪ বর্জন পূর্বক প্রতিহত করার লক্ষ্যে আসামী ১। মোঃ আজাদুল ইসলাম (২৫) পিতা মোঃ সলিম উদ্দিন, ২। রিবন মিয়া (২৮) পিতা মোঃ বাবর আলী, ৩। মোঃ মাজহারুল ইসলাম (২৫) পিতা মৃত ইবনে সাউদ, ৪। মোঃ বেলাল হোসেন (৩৫), পিতা মৃত শুকুর মজিবর, ৫। মোঃ সিদ্দিক হোসেন (২৬) পিতা আঃ রাজ্জাক সর্বসাং-বেড়ামালধা, ৬। মোঃ শাহজাহান (৩০), পিতা ফাকরুল ইসলাম,সাং-ছোট নারিচাগাড়ী, ৭। মোঃ রফিকুল ইসলাম (৪৫), পিতা মৃত আফজার আলী, সাং-নোদাপুর, ৮। মোঃ আঃ জলিল (৫৫) পিতা মৃত ফজলু মিয়া, ৯। মোঃ শাহারুল ইসলাম পিতা মোঃ আঃ লতিফ মিয়া, ১০। মোঃ নান্নু মিয়া (৩০), পিতা মৃত ফারাজ্জামান, ১১। মহাব্বত মিয়া (২০), পিতা মোঃ তালেব আলী, সর্বসাং-বাহাদুপুর, সর্বথানা-গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা সহ অজ্ঞাতনামা ১০০/১৫০ জন বেআইনী জনতায় ধারালো দেশীয় অস্ত্রে সস্ত্রে, লাঠি সোটা সহ দাঙ্গাসাজে সজ্জিত হইয়া উক্ত ভোট কেন্দ্রে অনধিকার প্রবেশ করিয়া দায়িত্ব পালনরত অফিসার ও ফোর্সদের সরকারী কাজে বাঁধা প্রদান সহ আক্রমন করিয়া দায়িত্বরত অফিসার ও ফোর্সদের আঘাত প্রদান করে এবং জীবননাশের হুমকি প্রদান করে। ব্যালট পেপার সহ নির্বাচনী সামগ্রী ছিনাইয়া লইয়া বাহিরে নিয়া অগ্নি সংযোগ করে। আসামীদের উক্তরুপ কার্যকলাপে উক্ত কেন্দ্রের ভোট গ্রহণ স্থগিত হইয়া যায়। আমি পরবর্তীতে স্থানীয় লোকজনদের সহায়তায় গোপনে তথ্য সংগ্রহের মাধ্যমে উপরোক্ত আসামীদের নাম ঠিকানা সংগ্রহ করি। আসামীগণ একই উদ্দেশ্যে বেআইনী জনতায় মারাত্মক অস্ত্রে সস্ত্রে দাঙ্গাসাজে সজ্জিত হইয়া ভোট কেন্দ্রে অনধিকার প্রবেশ করতঃ সরকারী কাজে বাঁধা প্রদান, আক্রমন, আঘাত প্রদান, হুমকি, নির্বাচনী সামগ্রী ছিনাইয়া নিয়া অগ্নিসংযোগ করিয়া দঃবিঃ ১৪৭/ ১৪৮/ ১৪৯/ ৪৪৮/৩৫৩/ ১৮৬/ ৩৩২/৪৩৫/৫০৬/৩৪ ধারার অপরাধ করিয়াছে। আসামীদের নাম ঠিকানা সংগ্রহ করিয়া এজাহার দায়েরে বিলম্ব হইল।

অতএব, উল্লেখিত আসামীদের বিরুদ্ধে বর্ণিত ধারায় নিয়মিত মামলা রুজু করিয়া তদন্তের ব্যবস্থা করিতে জনাবের মর্জি হয়।

বিনীত

মোঃ আব্দুল করিম

(মোঃ আব্দুল করিম)

এ,এস,আই

গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।

তাং ০৫/০৪/১৪